জিইপি/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস বন্ড কমিশনারেট

৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম।

ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd

বিচারাদেশ নং ঃ ৩৪ /২০২১, তারিখ ঃ ১১/০৫/২০২১ খ্রি.

পত্র নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/আর.কে. এক্সে/রাজস্ব ফাঁকি/২৪/২০১৯/ তারিখ- /০৪/২০২১খ্রি.

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ এ. কে. এম. মাহবুবুর রহমান

পদবী ঃ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

## মূল আদেশ

০১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

০২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

০৩। আপিল আবেদনের উপর টাকা ১,২০০/- (এক হাজার দুইশ টাকা মাত্র) টাকা মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) The Court Fees Act, 1870 এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

০৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

০৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

০৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স আর. কে. এক্সেসরিজ লিমিটেড, বেগমগঞ্জ হাউজিং, প্লট নং-১২-১২, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

খ) অনিয়ম এর বিবরণ ঃ বন্ডেড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল বন্ড গুদাম হতে অবৈধ অপসারণ।

## মামলার সংক্ষিপ্ত বিবরণ ঃ

০৮। আলোচ্য প্রতিষ্ঠান মেসার্স আর. কে. এক্সেসরিজ লিমিটেড, বেগমগঞ্জ হাউজিং, প্লট নং-১২-১২, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম ১০০% প্রচ্ছন্ন রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান হিসাবে বন্ড সুবিধার আওতায় কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামে নিবন্ধিত যার বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাবক/চট্টঃ/আকা/বন্ড(সাঃ)/লাইঃ/১৬/০৪, তারিখ-২০/১০/২০০৪খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ২৪০২১০৩৫৮৮৭, তাং-২৭/১১/২০১৬ খ্রি.। শুল্ক ফাঁকির গোপন সংবাদের ভিত্তিতে গত ০৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখে সহকারী কমিশনার মোছাঃ আয়শা সিদ্দিকার নেতৃত্বে এ দপ্তরের প্রিভেন্টিভ টিম কর্তৃক আপনার প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে আপনার প্রতিষ্ঠানটি ঈদের ছুটির কারণে বন্ধ থাকায় এবং প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারী উপস্থিত না থাকায় প্রতিষ্ঠানটি সিলগালা করে রাখা হয় এবং আপনাকে ফোনে বিষয়টি অবহিত করা হয়। এ বিষয়ে আপনার প্রতিষ্ঠানে কর্মরত নিরাপত্তা প্রহরির বিবৃতি গ্রহণ করা হয়। গত ১১/০৬/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১১ ঘটিকায় সহকারী কমিশনারের নেতৃত্বে ছয় সদস্য বিশিষ্ট একটি প্রিভেন্টিভ দল কর্তৃক আপনার প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠানের সীলগালা খুলে ইন বন্ড গুদামে মজুদ কাঁচামালের ইনভেন্ট্রি করা হয়। মজুদ যাচাইকালে আপনার প্রতিষ্ঠানের উপস্থিত কর্মকর্তা কর্মচারীগণ সার্বিক সহযোগিতা করেন। উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধির সহযোগিতায় ইন-বন্ড গুদামে মজুদকৃত কাঁচামাল এবং বন্ড রেজিস্টারে স্থিতির সাথে আড়াআড়ি যাচাই করা হয়। যাচাইকালে কাঁচামালসমূহের মধ্যে বন্ড রেজিস্টারের সাথে ইন্টু বন্ড গুদামে রক্ষিত কাঁচামালের পার্থক্য দেখতে পাওয়া যায়। এতে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত আমদানিকৃত কাঁচামাল অবৈধভাবে বন্ড গুদাম হতে অপসারণ করেছেন। সরেজমিনে পরিদর্শনকালে প্রতিষ্ঠানের বন্ড গুদামে যে পরিমাণ কাঁচামাল মজুদ থাকার কথা বাস্তবে তা ছিল না বরং কাঁচামালের গরমিল ছিল।

এক্ষেত্রে উপরোক্ত বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামালসমূহ বন্ড গুদাম হতে অবৈধভাবে অপসারণ করা হয়েছে এবং অবৈধভাবে অপসারণের উদ্দেশ্যে মজুদ করা হয়েছে। কম প্রাপ্ত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য ৪০,৭৩,৮৩২.৫৬ (চল্লিশ লক্ষ তিয়াত্তর হাজার আটশত বত্রিশ দশমিক পাঁচ ছয়) টাকা এবং জড়িত রাজস্বের পরিমাণ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা; যা আদায়ের লক্ষ্যে এ দপ্তরের রাজস্ব ফাঁকির মামলা নং-১৬/২০১৯, তাং-১১/০৬/২০১৯খ্রি. দায়ের করা হয়। গত ১১/০৬/২০১৯ খ্রিঃ তারিখের সরেজমিনে প্রাপ্ত মজুদের পরিমাণ, বন্ড রেজিষ্টারের স্থিতি ও উভয়ের মধ্যে নিম্নরূপঃ

| ক্রঃ নং | পণ্য/কাঁচামালের বিবরণ | ১১/০৬/১৯ তারিখে বন্ড রেজিষ্টারের স্থিতি (কেজি) | ১১/০৬/১৯ তারিখে সরেজমিনে প্রাপ্ত পরিমাণ (কেজি) | উভয়ের মধ্যে পার্থক্য (কেজি, কম/বেশী) |
|---|---|---|---|---|
| ০১ | পলিপ্রফাইলিন (পিপি) | ১৯,৫০০.৫২ কেজি | ৮৭৫.০০ কেজি | ১৮,৬২৫.৫২ কেজি (কম) |
| ০২ | এলডিপিই | ১৭,৫০০.০০ কেজি | ২২৫.০০ কেজি | ১৭,২৭৫.০০ কেজি (কম) |
| ০৩ | এলএলডিপিই | ২৩৭.১৭ কেজি | নাই | ২৩৭.১৭ কেজি (কম) |
| | মোট | ৩৭,২৩৭.৬৯ কেজি | ১,১০০.০০ কেজি | ৩৬,১৩৭.৬৯ কেজি |

প্রতিষ্ঠানের প্রতিনিধির লিখিত বিবৃতি, নিবারক দলের পরিদর্শন প্রতিবেদন এবং রাজস্ব ফাঁকির মামলা পর্যালোচনায় দেখা যায় যে, সরেজমিনে মজুদ যাচাইকালে বন্ড রেজিস্টারের স্থিতি অপেক্ষা বন্ড গুদামে বিভিন্ন ধরনের মোট ৩৬,১৩৭.৬৯ কেজি কাঁচামাল কম পাওয়া যায়। নিম্নে শুল্ক করাদির বিবরণ দেয়া হ'ল ঃ-

| ক্রঃ নং | কাঁচামালের বিবরণ | পরিমাণ (কেজি) | শুল্কায়নযোগ্য মূল্য (টাকা) | সিডি ৫% (টাকা) | ভ্যাট ১৫% (টাকা) | এআইটি ৫% (টাকা) | এটিভি ৫% (টাকা) | মোট জড়িত রাজস্ব (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পলিপ্রফাইলিন (পিপি) | ১৮,৬২৫.৫২ | ২০,৪৩,৪৯২.১৯ | ১,০২,১৭৪.৬১ | ৩,২১,৮৫০.০২ | ১,০২,১৭৪.৬১ | ৩৫,৭৬৮.২৭ | ৫,৬১,৯৬৭.৫১ |
| ২ | এলডিপিই | ১৭,২৭৫.০০ | ২০,০৬,৮২৫.৪৫ | ১,০০,৩৪১.২৮ | ৩,১৬,০৭৫.০১ | ১,০০,৩৪১.২৮ | ৩৫,১২৬.৪৭ | ৫,৫১,৮৮৪.০৪ |
| ৩ | এলএলডিপিই | ২৩৭.১৭ | ২৩,৫১৪.৮৫ | ১,১৭৫.৭৪ | ৩,৭০৩.৫৯ | ১,১৭৫.৭৪ | ৪১১.৫৯ | ৬,৪৬৬.৬৬ |
| | মোট | ৩৬,১৩৭.৬৯ | ৪০,৭৩,৮৩২.৫৬ | ২,০৩,৬৯১.৬৩ | ৬,৪১,৬২৮.৬৩ | ২,০৩,৬৯১.৬০ | ৭১,৩০৬.৩৩ | ১১,২০,৩১৮.২১ |

এরূপ কার্যকলাপ The Customs Act, 1969 এর Section 94, 97, 104, 107 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির শর্ত নং-২, ৩ ও ৫ এর সুস্পষ্ট লংঘন, যা The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 51(A), 61, 62 & 90 মোতাবেক শাস্তিযোগ্য এবং একই আইনের Section-13(3) এ প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স বাতিলযোগ্য। The Customs Act, 1969 এর Section 111 এর বিধান মোতাবেক কম প্রাপ্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা আদায়যোগ্য হওয়ায় রাজস্ব ফাঁকির মামলা নং-১৬/২০১৯, তাং-১১/০৬/২০১৯ খ্রি. দায়ের করা হয়।

**কারণ দর্শানো নোটিশ জারী ঃ**

০৯। প্রতিষ্ঠানের এরূপ কার্যকলাপ The Customs Act, 1969 এর Section 94, 97, 104, 107 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির শর্ত নং-২, ৩ ও ৫ সুস্পষ্টভাবে লংঘন করায় The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 51(A), 61, 62 & 90 অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ একই আইনের Section-13(3) প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স কেন বাতিল করা হবে না এবং The Customs Act, 1969 এর Section 111 এর বিধান মোতাবেক কম প্রাপ্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা প্রতিষ্ঠানের নিকট হতে কেন আদায় করা হবে না তার লিখিত জবাব এ পত্র জারির ৩০(ত্রিশ) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করার জন্য গত ২৫/০৬/২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশ জারি করা হয় (পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/আর.কে. এক্সে/রাজস্ব ফাঁকি/২৪/২০১৯/২৬৭৭ তাং-২৫/০৬/২০১৯ খ্রি.)।

**প্রতিষ্ঠান কর্তৃপক্ষের লিখিত জবাব দাখিল ও শুনানী গ্রহণ ঃ-**

১০। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জারিকৃত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করে গত ২১/০৭/২০১৯খ্রি. তারিখের পত্রের মাধ্যমে জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির আবেদন করেন। আবেদনের ভিত্তিতে ৩১/০৭/২০১৯খ্রি. পর্যন্ত সময় বৃদ্ধি করা হলেও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পুনরায় ০১ (এক) মাস সময় বৃদ্ধির আবেদন করেন। আবেদনের ভিত্তিতে এ দপ্তরের ১৮/০৩/২০২০খ্রি. তারিখের পত্রের মাধ্যমে ১৫ (পনের) দিন সময় প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোন জবাব দাখিল না করে মাননীয় হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন নং-৭৪৩৪/২০১৯ দায়ের করেন।

**ব্যক্তিগত শুনানীর দিনক্ষণ নির্ধারণ ও শুনানী গ্রহণ ঃ**

১১। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়েরকৃত রীট পিটিশন নং-৭৪৩৪/২০১৯ এর অন্তবর্তীকালীন আদেশে বিন লক এর আদেশ স্থগিত করা হলেও চলমান রাজস্ব ফাঁকির মামলা নিস্পত্তি করার বিষয়ে কোন স্থগিতাদেশ না থাকায় মামলাটি নিস্পত্তির লক্ষ্যে ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য ১২/০৪/২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকা নির্ধারণ করা হয়। উক্ত নির্ধারিত তারিখে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শাহ জালাল উদ্দিন শুনানীতে উপস্থিত হয়ে জানান যে, শুল্ক ফাঁকির মামলা নং-১৬/২০১৬ এর বিপরীতে জড়িত রাজস্ব ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা জমা প্রদান করবেন।

## পর্যালোচনা ঃ

১২। বন্ডার মেসার্স আর. কে. এক্সেসরিজ লিমিটেড, বেগমগঞ্জ হাউজিং, প্লট নং-১২-১২, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা, দায়েরকৃত রীট পিটিশন এর অন্তবর্তীকালীন আদেশ পর্যালোচনা করা হয়। প্রতিষ্ঠানটি The Customs Act, 1969 এর Section 94, 97, 104, 107 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির সুস্পষ্ট লংঘন করে ০৮ নং অনুচ্ছেদে বর্ণিত কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদি বাবদ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা ফাঁকি দিয়েছেন। যা The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 62 মোতাবেক শাস্তিযোগ্য এবং একই আইনের Section 13(3) এ প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স বাতিলযোগ্য। প্রতিষ্ঠানটির উক্ত কার্যক্রমের জন্য The Customs Act, 1969 এবং সংশ্লিষ্ট বিধি মোতাবেক শাস্তিযোগ্য এবং শুল্ক-করাদি বাবদ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা আদায়যোগ্য।

১৪। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শুনানীতে উপস্থিত হয়ে প্রদত্ত বক্তব্য এবং কারণ দর্শানোর নোটিশে উল্লিখিত অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়েছে। বর্ণিত পরিস্থিতিতে নিম্নরুপ আদেশ প্রদান করা হলো।

## আদেশ

১৫। বন্ডার মেসার্স আর. কে. এক্সেসরিজ লিমিটেড, বেগমগঞ্জ হাউজিং, প্লট নং-১২-১২, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 94, 97, 104, 107 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির, শর্ত নং-২, ৩ ও ৫ এর সুস্পষ্ট লংঘনের অভিযোগে অভিযুক্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ ১১,২০,৩১৮.২১ (এগার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা পরিশোধের নির্দেশ দেয়া হলো।

১৬। বন্ডার মেসার্স এইচআরএম এক্সেসরিজ লিঃ,২১৯/২২২ নাসিরাবাদ শি/এ, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 94, 97, 104, 107 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির শর্ত নং-২, ৩ ও ৫ এর সুস্পষ্ট লংঘনের অভিযোগ প্রমাণিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 62 অনুযায়ী - ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অর্থদন্ড আরোপ করা হলো। অবৈধভাবে অপসারিত পণ্যের জড়িত রাজস্ব ও আরোপিত অর্থদন্ডসহ মোট ১২,২০,৩১৮.২১ (বার লক্ষ বিশ হাজার তিনশত আঠার দশমিক দুই এক) টাকা এ আদেশ জারীর ১৫ (পনের) দিনের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বখ ট্রেজারী চালানের মূলকপি এই দপ্তরে দাখিল করার নির্দেশ দেয়া হলো।

স্বাঃ

(এ. কে. এম. মাহবুবুর রহমান)
কমিশনার (চঃদাঃ)
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইলঃ cbcctg@yahoo.com

প্রাপক ঃ **ব্যবস্থাপনা পরিচালক,**
মেসার্স আর. কে. এক্সেসরিজ লিমিটেড,
বেগমগঞ্জ হাউজিং, প্লট নং-১২-১২, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

পত্র নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/আর.কে. এক্সে/রাজস্ব ফাঁকি/২৪/২০১৯/ ১৮০৩ তারিখ- ১১/০৫/২০২১খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মংলা/আইসিডি/পানগাঁও।
৯। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
১০। প্রথম সহ-সভাপতি, বিজিএপিএমইএ, আখতারউজ্জামান সেন্টার (১০ম তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১১-১২। ব্যবস্থাপক, মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম/ সাউথইষ্ট ব্যাংক লিঃ, জুবলী রোড শাখা, চট্টগ্রাম।
১৩। অফিস কপি।

(মোঃ কামরুল ইসলাম)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে

F:\Rizvi Drive\Rizvi\Area-01\bichardesh.doc